দৈনিক ইত্তেফাক

তারিখ 04 OCT 2016 পৃষ্ঠা ৫ কলাম ৬

# আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট

## ঢাকা সেনানিবাস

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউটে ১ম বর্ষ ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

১। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউটে ১ম বর্ষ (৯ম ব্যাচ) ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) ০৪ (চার) বছর মেয়াদী কোর্সে ছাত্রী ভর্তি করা হইবে।

২। যোগ্যতা ঃ

ক। বয়স ঃ ০১ জুলাই ২০১৬ তারিখে বয়স ১৭ হইতে ২২ বছর হইতে হইবে।

খ। শারীরিক মান ঃ প্রার্থীকে অবশ্যই নিম্নলিখিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।

| | | |
|---|---|---|
| (১) | উচ্চতা | ঃ ১.৫৮৫ মিটার (৫ ফুট ২ ইঞ্চি) ন্যূনতম। |
| (২) | ওজন | ঃ ৩৯.৯২ কিলোগ্রাম (৮৮ পাউন্ড) ন্যূনতম। |
| (৩) | বুকের মাপ | ঃ স্বাভাবিক ০.৬৬ মিটার (২৬ ইঞ্চি) ন্যূনতম। |
| (৪) | শ্রবণ শক্তি | ঃ স্বাভাবিক |
| (৫) | দৃষ্টিশক্তি | ঃ ৬/৬ (+ ২.৫) হইতে হইবে। |

গ। শিক্ষাগত যোগ্যতাঃ

(১) ২০১৪/২০১৫/২০১৬ সালে যে কোন শিক্ষা বোর্ড হইতে এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হইতে উত্তীর্ণ এবং জীববিজ্ঞানে পাশ নম্বর থাকা প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন ।

(২) এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের সম্মিলিত জিপিএ (গ্রেড পয়েন্ট এ্যাভারেজ) ন্যূনতম ৬.০০ থাকিতে হইবে এবং কোন অবস্থাতেই এসএসসি বা এইচএসসি সমমানের পরীক্ষার যে কোন একটিতে জিপিএ (গ্রেড পয়েন্ট এ্যাভারেজ) ২.৫০ এর নীচে গ্রহনযোগ্য হইবে না।

ঘ। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিতা (নির্বাচিত হইলে ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত অবিবাহিতা থাকিতে হইবে)।

ঙ। জাতীয়তা ঃ বাংলাদেশের স্থায়ী নাগরিক হইতে হইবে।

৩। আবেদন পত্র সংগ্রহ ও দাখিল করার নিয়মাবলী ঃ

ক। ভর্তির আবেদনপত্রের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা সেন্টার ফি ও আনুষাংগিক খরচ বাবদ ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা সহ সর্বমোট ৩০০.০০ (তিনশত) টাকা (অফেরতযোগ্য) নগদ পরিশোধ সাপেক্ষে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট (এএফএমআই) ঢাকা সেনানিবাস হইতে ০৪ অক্টোবর ২০১৬ তারিখ হইতে ০৬ নভেম্বর ২০১৬ তারিখ এর মধ্যে (ছুটির দিন ব্যতিত) সকাল ০৯০০ ঘটিকা হইতে ১৪০০ ঘটিকা পর্যন্ত আবেদন পত্র সংগ্রহ করা যাইবে।

খ। আবেদনপত্র স্বহস্তে পূরণ করতঃ ১৭ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে আবেদন পত্রের সহিত সরবরাহকৃত খামে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট (এএফএমআই) ঢাকা সেনানিবাস বরাবরে পৌছাইতে হইবে। কোন অবস্থাতেই ১৭ নভেম্বর ২০১৬ তারিখের পর আবেদন পত্র গ্রহনযোগ্য হইবে না।

গ। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৪। আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত দলিল দস্তাবেজ জমা দিতে হইবে ঃ

ক। প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্বলিত স্থানীয় ইউপি চেয়ারম্যান অথবা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ। এসএসসি বা সমমানের পরীক্ষা এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি।

গ। এসএসসি বা সমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার (মূল সনদ/সাময়িক সনদ) ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি ।

ঘ। শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হইতে চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

ঙ। সদ্য তোলা ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

৫। প্রবেশপত্র বিতরণ ঃ ২০ নভেম্বর ২০১৬ তারিখ হইতে ২৪ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে অত্র ইনস্টিটিউটের নার্সিং অফিস হইতে টাকা জমা দেওয়ার রশিদ প্রদর্শন করিয়া প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে।